

নং-৪৬.৪২.০৬০০.০০০.১৪.১০৩.১৫. ১৪৬৬

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে বরিশাল জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ বরিশাল জেলা পরিষদের স্মারক নং-জে:প:ব:/২০১৭/২৫৭, তারিখঃ ১৬/৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি বরাদ্দ সংক্রান্ত বরাদ্দ পত্রে “প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রথমেই জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান প্রকল্পে অর্থ বরাদ্দ করতে হবে। দ্বিতীয় পর্যায়ে জেলা পরিষদ আইন, ২০০০ এর তফসিলে বর্ণিত কার্যাবলীর আওতায় মাঠ পর্যায়ে যথাযথভাবে যাচাইক্রমে জনগুরুত্বসম্পন্ন ও আশু প্রয়োজনীয় প্রকল্পসমূহ গ্রহণ করতে হবে” মর্মে নির্দেশনা দেয়া হয়। কিন্তু জেলা পরিষদ হতে এ বিভাগের অনুমোদনের জন্য প্রেরিত এডিপি সাধারণ বরাদ্দের প্রকল্প তালিকা পর্যালোচনায় দেখা যায়, জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন জনগুরুত্বসম্পন্ন কোন চলমান প্রকল্পে বরাদ্দ দেয়া হয়নি।

২। এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরে বরিশাল জেলা পরিষদ কর্তৃক এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩,২৫,০০,০০০/- (তিন কোটি পঁচিশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকাটি সংশোধনপূর্বক জনগুরুত্বসম্পন্ন চলমান প্রকল্প অন্তর্ভুক্ত করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জুবাইদা নসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বরিশাল।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরিশাল।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।